# রংপুর সিটি কর্পোরেশন কার্যালয়

বাজার শাখা

www.rpcc.gov.bd

স্মারক নং: ৪৬.১৮.০০০০.৪০৪.৯৯.০০৬.২৬- — ৯৩৪

তারিখ: ১৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৮ জানুয়ারী ২০২৬ খ্রিষ্টাব্দ

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর সিটি কর্পোরেশনাধীন নিম্নে বর্ণিত হাট-বাজার ও সায়রাত মহালসমূহ ১৪৩৩ বাংলা সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নিম্নলিখিত সিডিউল ও শর্তাবলী অনুসারে সীল মোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

০১। দরপত্র প্রাপ্তির স্থানঃ
- ক) রংপুর সিটি কর্পোরেশন কার্যালয়, বাজার শাখা।
- খ) কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ এর কার্যালয়।
- গ) জেলা প্রশাসক কার্যালয়, রংপুর।
- ঘ) উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়, সদর, রংপুর।

০২। দরপত্র দাখিলের স্থানঃ
- ক) রংপুর সিটি কর্পোরেশন কার্যালয়, বাজার শাখা।
- খ) কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ এর কার্যালয়।
- গ) জেলা প্রশাসক কার্যালয়, রংপুর।
- ঘ) উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়, সদর, রংপুর।

### ১৪৩৩ বাংলা সনে রংপুর সিটি কর্পোরেশনাধীন ইজারাযোগ্য হাট-বাজার ও সায়রাত মহালসমূহ ইজারা প্রদানের দরপত্র বিজ্ঞপ্তি

দরপত্র ক্রয়, দাখিল ও খোলার সময়

| ক্রমিক নং | পর্যায় | দরপত্র ক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ১ম | ১৫/০২/২৬ খ্রি.<br>২ রা ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ<br>বিকাল ৩:৩০টা পর্যন্ত | ১৬/০২/২৬ খ্রি.<br>৩ রা ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ<br>দুপুর ১:০০টা পর্যন্ত | ১৬/০২/২৬খ্রি.<br>৩ রা ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ<br>বিকাল ৩:০০টা | |
| ০২ | ২য় | ২২/০২/২৬খ্রি.<br>৯ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ<br>বিকাল ৩:৩০টা পর্যন্ত | ২৩/০২/২৬ খ্রি.<br>১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ<br>দুপুর ১:০০টা পর্যন্ত | ২৩/০২/২৬খ্রি.<br>১০ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ<br>বিকাল ৩:০০টা | |
| ০৩ | ৩য় | ০২/০৩/২৬খ্রি.<br>১৭ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ<br>বিকাল ৩:৩০টা পর্যন্ত | ০৩/০৩/২৬খ্রি.<br>১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ<br>দুপুর ১:০০টা পর্যন্ত | ০৩/০৩/২৬খ্রি.<br>১৮ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ<br>বিকাল ৩:০০টা | |
| ০৪ | ৪র্থ | ০৯/০৩/২৬খ্রি.<br>২৪ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ<br>বিকাল ৩:৩০টা পর্যন্ত | ১০/০৩/২৬খ্রি.<br>২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ<br>দুপুর ১:০০টা পর্যন্ত | ১০/০৩/২৬খ্রি.<br>২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ<br>বিকাল ৩:০০টা | |
| ০৫ | ৫ম | ১৫/০৩/২৬খ্রি.<br>১ লা চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ<br>বিকাল ৩:৩০টা পর্যন্ত | ১৬/০৩/২৬খ্রি.<br>২রা চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ<br>দুপুর ১:০০টা পর্যন্ত | ১৬/০৩/২৬খ্রি.<br>২রা চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ<br>বিকাল ৩:০০টা | |

দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্রদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বক্স খোলা হবে। তবে দরপত্র অন্য কোন দপ্তরে জমা পড়লে তা সংগ্রহক্রমে একই সাথে সকল দরপত্র খোলা হবে।

### ১৪৩৩ বাংলা সনে ইজারাযোগ্য হাট-বাজার ও সায়রাত মহালসমূহের বিবরণ

| ক্র: নং | হাট-বাজার/সায়রাত মহালের নাম | সরকারি মূল্য | সিডিউল মূল্য (অফেরতযোগ্য) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | লালবাগ হাট | ১,৬৭,৬৬,১৯৮/- | ৩৪,২০০/- | |
| ০২ | বুড়িরহাট | ২,৩৫,৩৬,১৫০/- | ৪৭,৮০০/- | |
| ০৩ | সিটি বাজার | ৭৮,২৯,১৭৮/- | ১৬,৪০০/- | |
| ০৪ | নজিরের হাট | ৪,১৩,১১৭/- | ১,৬০০/- | |
| ০৫ | মাহিগঞ্জ পাইকারী বাজার | ৯,১৫,৯২৬/- | ২,৬০০/- | |
| ০৬ | নিসবেতগঞ্জ হাট | ৮,২৮,৫৩৩/- | ২,৪০০/- | |
| ০৭ | শ্রী সীতানাথ বনিক বিপনী বিতান বাজার | ২,৯৭,৩৬৫/- | ১,২০০/- | |
| ০৮ | উত্তম হাজীর হাট | ৮,২৪,২৯১/- | ২,৪০০/- | |
| ০৯ | চওড়ার হাট | ৪,৮৭,২৬৪/- | ১,৬০০/- | |
| ১০ | ধাপ বাজার | ১,৪৯,৪৬০/- | ১,০০০/- | |
| ১১ | কেল্লাবন্দ সিও বাজার | ৩,৯৫,৮৪৪/- | ১,৪০০/- | |
| ১২ | সাহেবগঞ্জ হাট | ১,৩৮,৫৪৪/- | ১,০০০/- | |
| ১৩ | কেরানীরহাট | ৫৯,৫১৯/- | ৫০০/- | |
| ১৪ | গোলাগঞ্জ হাট | ৫৬,৫৬৭/- | ৫০০/- | |
| ১৫ | চাঁন্দকুটি হাট | ২০,২৮০/- | ৫০০/- | |
| ১৬ | চকইসবপুর হাট | ১৬,৭৮৭/- | ৫০০/- | |
| ১৭ | পি টি সি রোড আম আড়ত টার্মিনাল | ৫,৯৫,৯৪৫/- | ১,৮০০/- | |
| ১৮ | ট্রাক টার্মিনাল বাবুখাঁ | ৭,১১,৭৪৯/- | ২,২০০/- | |
| ১৯ | নিউ ইঞ্জিনিয়ারপাড়া ফল আড়ত | ৪৭,০৬৪/- | ৫০০/- | |
| ২০ | কেন্দ্রীয় বাস টার্মিনাল গণশৌচাগার | ২,২৬,০৭৮/- | ১,২০০/- | |
| ২১ | লালবাগ হাট গণশৌচাগার | ৬৮,৫৪৬/- | ৫০০/- | |
| ২২ | ঠিকাদার পাড়া ব্যবসায়ী সমিতি সংলগ্ন গণশৌঃ | ৭,৭০৩/- | ৫০০/- | |
| ২৩ | মাহিগঞ্জ পাইকারী বাজার গণশৌচাগার | ২৯,১৫০/- | ৫০০/- | |
| ২৪ | মেডিকেল মোড় সংলগ্ন গণশৌচাগার | ২,৪৭,২১৬/- | ১,২০০/- | |


প্রধান নির্বাহী কর্মকর্তা (অ: দা:)
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন: ০৫২১-৬৪৯৪২
ফ্যাক্স: ০৫২১-৫৫৯৭০
ই-মেইল: ceo@rpcc.gov.bd

শর্তাবলী:

১। দরপত্র সিডিউল নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ছকে বর্ণিত তারিখ মোতাবেক অফিস চলাকালীন সময় পর্যন্ত (ছুটির দিন ছাড়া) রংপুর সিটি কর্পোরেশনের বাজার শাখা হতে সংগ্রহ করা যাবে এবং দরপত্র ছকে বর্ণিত তারিখ ও সময় মোতাবেক অত্র কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নির্ধারিত দিনে দুপুর ১:০০টা পর্যন্ত দরপত্র গ্রহণ করা হবে এবং ঐ দিনই বেলা ৩:০০ঘটিকায় উপস্থিত দরপত্র দাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) প্রাপ্ত দরপত্রসমূহ খোলা হবে।

২। রংপুর সিটি কর্পোরেশনের নির্ধারিত সিডিউল ছাড়া হাট-বাজারসমূহ ও সায়রাত মহালসমূহ বাৎসরিক ইজারা গ্রহণের দরপত্র গ্রহণ করা হবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্ভুক্ত দরপত্র হিসাবে ব্যবহার করা যাবে না।

৩। দরপত্রে দাখিলকৃত ইজারা মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফট এর মাধ্যমে জামানত হিসাবে দরপত্রের সাথে জমা দিতে হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারামূল্যের সাথে সমন্বয় করা হবে এবং ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে। হাট-বাজার/সায়রাত মহাল পরিষ্কার পরিচ্ছন্নতার দায় দায়িত্ব ইজারাদারকে বহন করতে হবে। হাট-বাজার/সায়রাত মহাল যথাযথভাবে পরিষ্কার পরিচ্ছন্ন না করলে বা অন্য কোন ক্ষতি সাধন করলে জামানতের অর্থ হতে তাহা মিটানো হবে। ইজারার মেয়াদ সমাপনান্তে জামানতের টাকা সন্তোষজনক শর্তে জমাকারীর বরাবরে প্রত্যার্পন করা হবে। যে কোন তফসিলী ব্যাংক থেকে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে উক্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করা যাবে। অকৃতকার্য দরপত্র দাতার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার কর্তৃপক্ষের সিদ্ধান্তের পর ফেরৎ দেয়া হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি বা ঘষামাজা চলবে না।

৪। দরপত্র দাতা কার্যাদেশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রের সাথে দাখিলকৃত জমার ৩০% অর্থ সমন্বয় করতঃ ইজারার অবশিষ্ট ৭৫% অর্থ এবং ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করবেন। অন্যথায় সমুদয় জামানত বাজেয়াপ্ত করে হাট-বাজার/সায়রাত মহাল পুনরায় ইজারা দেয়া হবে।

৫। ইজারাদার কোন ক্রমেই হাট-বাজার/সায়রাত মহাল অন্যের নিকট সাব-লিজ দিতে পারবেন না। অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হলে অথবা চুক্তিপত্রের শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে। শর্ত আরোপ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

৬। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

৭। ইজারাদার নিজ খরচে হাট-বাজার/সায়রাত মহাল পরিষ্কার-পরিচ্ছন্ন রাখবেন। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করবেন।

৮। অনুমোদিত দরপত্র দাতাকে হাট-বাজার/সায়রাত মহাল হস্তান্তর করার পূর্বে ইজারা গ্রহণ সম্পর্কে কর্তৃপক্ষের নির্দেশনানুযায়ী বিভিন্ন শর্ত সম্বলিত ২৫০/- টাকা মূল্যমানের ননজুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় হাট-বাজার/সায়রাত মহাল দখল হস্তান্তর করা হবে না।

৯। সরকার অনুমোদিত বর্তমানে টোল আদায়ের যে হার বা রীতি-নীতি প্রচলিত আছে সে হারে বা রীতিতে ইজারাদার টোল আদায় করতে বাধ্য থাকবেন। বিনা রশিদে টোল আদায় করা যাবে না।

১০। অফিস চলাকালীন সময় দরপত্র দাখিল সংক্রান্ত যাবতীয় তথ্যাদি সিটি কর্পোরেশনের 'বাজার শাখা' হতে জানা যাবে।

১১। খামের উপর দরপত্র দাতার নাম, ঠিকানা ও হাট-বাজার/সায়রাত মহালের নাম স্পষ্ট ভাবে উল্লেখ করতে হবে।

১২। হাট-বাজার/সায়রাত মহাল ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন ১৯১৩ অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাবে।

১৩। সরকার যদি ইজারা গ্রহীতার প্রদেয় হিসাবে আর কোন কর সংযোজন করে ইজারাদার তাহা পরিশোধ করতে বাধ্য থাকবেন।

১৪। উপর্যুক্ত যে কোন শর্ত খেলাপ করলে বা পালন করতে গাফিলতি করলে ইজারা বন্দোবস্তের মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল করা যাবে এবং জমাকৃত ইজারার অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১৫। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ কিংবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

সাঃ/-

প্রধান নির্বাহী কর্মকর্তা (অঃ দাঃ)
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন: ০৫২১-৬৪৯৪২
ফ্যাক্স: ০৫২১-৫৫৯৭০
ই-মেইল: ceo@rpcc.gov.bd

স্মারক নং: ৪৬.১৮.০০০০.৪০৪.৯৯.০০৬.২৬- ৯২৬

তারিখ: ১৪ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৮/০১/ ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।

২। মহাপরিচালক, সি পি টি ইউ, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা। তাঁকে ইজারা বিজ্ঞপ্তিটি পি পি আর ২০০৮ অনুযায়ী সি পি টি ইউ'র ওয়েব সাইটে প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৩। কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ। তাঁকে হাটবাজার/মহালের সিডিউল বিক্রয় ও তাঁর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে নির্ধারিত দিনে দরপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং দরপত্র দাখিলের দিন প্রয়োজনীয় সংখ্যক পুলিশ নিয়োগের জন্য অনুরোধ করা হলো।

৪। জেলা প্রশাসক, রংপুর। তাঁকে হাটবাজার ও সায়রাত মহালের সিডিউল বিক্রয় ও তাঁর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে নির্ধারিত দিনে দরপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, রংপুর।

৬। সচিব, রংপুর সিটি কর্পোরেশন।

৭। প্রধান রাজস্ব কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।

৮। প্রধান সম্পত্তি কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।

৯। উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর। তাঁকে হাটবাজার ও সায়রাত মহালের সিডিউল বিক্রয় ও তাঁর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে নির্ধারিত দিনে দরপত্র গ্রহণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, রংপুর সিটি কর্পোরেশন।

১১। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।

১২। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন। তাঁকে বিজ্ঞপ্তিটি সিটি কর্পোরেশনের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।

১৩। সম্পাদক.......................তাঁকে এতদসঙ্গে সংযোজিত বিজ্ঞপ্তিটি ভিতরের পাতায় স্বল্পপরিসরে ৪×৯" কলামে ................ইং তারিখে ০১ দিন প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

১৪। নোটিশ বোর্ড, রংপুর সিটি কর্পোরেশন।

১৫। অফিস কপি।

২৮/০১/২৬

প্রধান নির্বাহী কর্মকর্তা (অঃ দাঃ)
রংপুর সিটি কর্পোরেশন।
ফোন: ০৫২১-৬৪৯৪২
ফ্যাক্স: ০৫২১-৫৫৯৭০
ই-মেইল: ceo@rpcc.gov.bd